

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং- ০৩

এপ্রিল ১৯, ২০০৯
তারিখ : -----
বৈশাখ ০৬, ১৪১৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

বিরাজমান বিশ্ব অর্থনৈতিক পরিস্থিতি মোকাবেলায় রপ্তানীমুখী
শিল্প খাতে ঋণ পুনঃতফসিলীকরণ নীতিমালা সহজীকরণ প্রসঙ্গে।

বিশ্ব অর্থনৈতিক বিপর্যয়ের কারণে আন্তর্জাতিক বাণিজ্যে নেতিবাচক প্রভাব পড়ায় দেশের ব্যবসা-বাণিজ্য ও অর্থনৈতিক কর্মকাণ্ডে এর বিরূপ প্রভাব পড়ছে। ফলে রপ্তানীমুখী শিল্প খাতে বিশেষ করে হিমায়িত খাদ্য, চামড়া ও চামড়াজাত পণ্য সামগ্রী, পাট ও পাটজাত পণ্য সামগ্রী, বস্ত্র (স্পিনিংসহ) এবং তৈরী পোষাক শিল্পে প্রদত্ত ঋণসমূহ ক্রমশঃ শ্রেণীবিন্যাসিত হয়ে খেলাপী ঋণে পরিণত হওয়ার আশংকা দেখা দিচ্ছে।

এমতাবস্থায়, বিশ্ব মন্দার কারণে উপরোক্ত খাতের ক্ষতিগ্রস্ত গ্রাহকদের খেলাপী ঋণ আবশ্যিকীয় ডাউন পেমেন্ট ছাড়া ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে সেপ্টেম্বর ৩০, ২০০৯ তারিখ পর্যন্ত পুনঃতফসিলীকরণ করা যাবে। উল্লেখ্য, ঋণ পুনঃতফসিলীকরণের বিষয়ে ইতোপূর্বে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং ০১, ০২ ও ০৩ তারিখ যথাক্রমে জানুয়ারী ১৩, ২০০৩, ফেব্রুয়ারী ১৪, ২০০৬ ও মার্চ ১৯, ২০০৬ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত

(আবু হেনা মোহাঃ রাজী হাসান)
মহাব্যবস্থাপক
ফোন: ৭১১৭৮২৫